যায়যায়দিন

তারিখ 13 APR 2009
পৃষ্ঠা ৩ কলাম ২

# প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদে পদোন্নতিতে দ্বৈতনীতির অভিযোগ

যাযাদি রিপোর্ট

প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদে পদোন্নতির ক্ষেত্রে প্রসাশন দ্বৈতনীতি পালন করছে। দেশের প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে পদোন্নতি সংক্রান্ত দ্বৈতনীতির জটিলতা নিরসনের দাবিতে প্রাথমিক শিক্ষক সমিতি পদোন্নতি বাস্তবায়ন পরিষদ রোববার সংবাদ সম্মেলনে এ অভিয়োগ করে।

রমনা আইডিয়াল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে শিক্ষক নেতারা বলেন, প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে যে যোগ্যতা চাওয়া হয় পদোন্নতির ক্ষেত্রে তা গ্রহণযোগ্য হয় না। পদোন্নতি নিয়ে শিক্ষা প্রসাশনের এ দ্বৈতনীতির বিরুদ্ধে হাইকোর্টে রিট করায় পদোন্নতি দীর্ঘদিন বন্ধ ছিল। নেতারা ২৭ এপ্রিলের মধ্যে পদোন্নতির ক্ষেত্রে যৌক্তিক সমাধান না হলে আন্দোলনে যাওয়ার কর্মসূচি ঘোষণা করেন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন পরিষদের আহ্বায়ক বি এম আসাদ উল্লাহ।